


ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি)র কপি।
- (২) নির্মাণকারী প্রতিষ্ঠান HydroChina Corporation হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- DSTP-O&M-HydroChina-DWASA-EE-0135/24; Date: 15/07/2024.
- (৩) Survey Report of Stator & Rotor of Dehydrator Mud Pump for Sludge Thickening and Dewatering of Dasherbandi STP, Dhaka WASA.
- (৪) পূর্বানুমোদিত স্পেসিফিকেশন।
- (৫) পূর্বানুমোদিত দর।
- (৬) PWD Rate Schedule-2022.
- (৭) প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ “Supply of Stator & Rotor of Dehydrator Sewer Mud Pump for maintenance of Sludge Thickening and Dewatering system of Dasherbandi STP” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং -১ হতে ৭ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে চীনা EXIM Bank এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক EPC/Turnkey পদ্ধতিতে ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগার বাস্তবায়ন শেষে গত ০১/০৭/২০২৩ খ্রিঃ হতে ঢাকা ওয়াসার তত্ত্বাবধানে Operation & Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারটি দক্ষিণ এশিয়ার মধ্যে অন্যতম বৃহত্তম এবং বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বপ্রথম অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন পয়ঃশোধনাগার। আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation কার্যক্রম সর্বাধুনিক প্রযুক্তি ও উন্নত মেশিনারিজ দ্বারা পরিচালিত হয়। আলোচ্য পয়ঃশোধনাগারের আওতায় ১টি Sludge Pump Station, ২টি Sludge Storage Tank, ১টি Sludge Thickening & Dewatering Building, ২টি Sludge Cake Storage Tank, ১টি Sludge Drying & Incineration Plant (SDIP) বিদ্যমান রয়েছে। আলোচ্য পয়ঃশোধনাগারের PST ও SST থেকে পাম্পের মাধ্যমে ৯৯% Moisture সমৃদ্ধ Raw Sludge সংগ্রহ করে Sludge Storage Tank -এ জমা করা হয়। উক্ত Raw Sludge, Sludge Thickening & Dewatering Building-এ বিদ্যমান Thickener -এ Chemical (cPAM) এর মাধ্যমে ৯৪% Moisture সমৃদ্ধ Sludge তৈরী হয়। উক্ত Sludge পরবর্তীতে Dehydrator Mud Pump এর মাধ্যমে Dehydrator-এ প্রেরণ করা হয়; যা বিদ্যমান Dehydrator এর মাধ্যমে ৯৪% থেকে ৭৮% Moisture সমৃদ্ধ Sludge Cake তৈরী হয়। উল্লেখ্য, Sludge Thickening & Dewatering Building- এ মোট ৭টি Dehydrator বিদ্যমান রয়েছে। এছাড়া মোট ৫টি Dehydrator Mud Pump রয়েছে। উক্ত Dehydrator Mud Pump সমূহ রোস্টার অনুযায়ী সার্বক্ষণিক চালু থাকে। দীর্ঘদিন সচল থাকার কারণে Dehydrator Mud Pump এর Rotor & Stator ক্ষয় হয়ে Dehydrator Mud Pump এর পারফরমেন্স হ্রাস পায়। ফলে Dehydrator এ ৯৪% Moisture সমৃদ্ধ Sludge প্রেরণ করা যায় না। বর্তমানে উক্ত Dehydrator Mud Pump এর Rotor & Stator ক্ষয় হয়ে Dehydrator Mud Pump এর কর্মদক্ষতা কমে গিয়েছে, বিধায় পয়ঃশোধনাগারের Sludge Management Unit এর কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে জরুরীভিত্তিতে Dehydrator Mud Pump এর জন্য Rotor & Stator ক্রয় করা প্রয়োজন। এতদবিষয়ে নির্মাণকারী প্রতিষ্ঠান HydroChina Corporation হতে বর্ণিত মালামাল ক্রয়ের জন্য পত্র প্রদান করা হয়েছে (ক্রমিক নং-২ দ্রঃ)। তৎপ্রেক্ষিতে ১টি Survey Report প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ৩ দ্রঃ)। উক্ত Survey Report অনুযায়ী প্রয়োজনীয় মালামাল ক্রয়ের লক্ষ্যে পূর্বানুমোদিত Specification, দর ও PWD Rate Schedule-2022 অনুযায়ী ১টি প্রাক্কলন প্রস্তুত হয়েছে (ক্রমিক নং-৭ দ্রঃ)। মোট প্রাক্কলিত মূল্য ১,৯৭,৯৩,২০০.০০ (এক কোটি সাতানব্বই লক্ষ তিরানব্বই হাজার দুইশত টাকা) মাত্র। উল্লেখ্য, আলোচ্য ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রাপ্ত রাজস্ব বাজেটের Sewer Pump Maintenance (01-04-004) খাত হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ১১০ হতে নির্বাহ করা হবে।






০৩। আলোচ্য “Supply of Stator & Rotor of Dehydrator Sewer Mud Pump for maintenace of Sludge Thickening and Dewatering system of Dasherbandi STP” শীর্ষক কাজটি CPTU প্রণীত Standard Tender Document (STD) এর e-PG3 অনুসরণে e-GP তে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) এ দরপত্র আহবানের মাধ্যমে সম্পাদন করা হবে। দরপত্র দলিলের e-TDS অংশের ITT1.1 এ Procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার, ঢাকা ওয়াসা দায়িত্ব পালন করবেন এবং উক্ত ক্রয়কারী কর্তৃক দরপত্র আহবান, NOA ইস্যু, চুক্তি সম্পাদন, কার্য সম্পাদন নোটিশ জারী ইত্যাদি সকল কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া, দরপত্র দলিলের e-TDS অংশের ITT15.1 (a) এ সরবরাহকারীর যোগ্যতা হিসেবে সার্বিক ক্রয় কাজের অভিজ্ঞতা (General Supply Experience) ৫ (পাঁচ) বৎসর এবং ITT15.1 (b) এ সমপ্রকৃতির কাজের অভিজ্ঞতা (Similar Experience) সর্বশেষ ৩ (তিন) বৎসরে ২টি কাজে প্রতিটি ন্যূনতম ১৫০ লক্ষ করে ৩০০.০০ লক্ষ টাকা ধরা যেতে পারে অথবা সর্বশেষ ৩ (তিন) বৎসরে যে কোন একটি কাজে ন্যূনতম ১৭০.০০ লক্ষ টাকা রাখা যেতে পারে। সরবরাহকারীর Financial Solvency হিসেবে ১৭০.০০ লক্ষ টাকা উল্লেখ করা যেতে পারে। উল্লেখ্য, প্রয়োজনবোধে PE অফিস কর্তৃক Bidding Criteria পরিবর্তন, পরিমার্জন ও সংযোজন করা যেতে পারে।

০৪। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রাখার লক্ষ্যে বিষয়ভুক্ত Stator & Rotor ক্রয়ের নিমিত্তে “Supply of Stator & Rotor of Dehydrator Sewer Mud Pump for maintenace of Sludge Thickening and Dewatering system of Dasherbandi STP” শীর্ষক কাজটি e-GP প্রক্রিয়ায় PPR-2008 এর ধারা ৬১ অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) -তে CPTU এর Standard Tender Document (STD) এর e-PG3 অনুসরণে সম্পাদনের নিমিত্তে মোট ১,৯৭,৯৩,২০০.০০ (এক কোটি সাতানব্বই লক্ষ তিরানব্বই হাজার দুইশত টাকা) মাত্রের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।


সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।


20.08.2025


মোঃ ইমাম হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।



20.08.2025

মোঃ হাবিবুর রহমান রনি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।


20/08/2025

মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।



20/08/25


20/08/25


মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


21/08


প্রকৌশলী মোঃ আব্দুল আলিম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা


21/08/25

৬/ অনু-৪ ২০ চুক্তি ২০০ অনুমোদন
৬৩৩ (২০) নং।


21/8/2025

(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও ইক্সপেন্ডিচার)
ঢাকা ওয়াসা।


20.08.25

মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
ও
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

২০/০৮/২৫
২০/০৮/২৫
২০/০৮/২৫

২০/০৮/২৫
২০/০৮/২৫